গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন শাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৬৪ তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ০৫ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়: অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ অনুযায়ী বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জারীকৃত পরিপত্র সমূহের পরিপূরক নির্দেশনা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ২৮ক এর উপ-ধারা (৪) অনুযায়ী সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ব বা স্বার্থ সংরক্ষণে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কিত ইতিপূর্বে জারীকৃত পরিপত্রসমূহের পরিপূরক হিসেবে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো-

১। 'খ' তফসিল বাতিল হওয়া সত্ত্বেও উক্ত তফসিলভুক্ত সম্পত্তিতে সরকার বা কোন ব্যক্তির স্বত্ব বা স্বার্থ সম্পর্কে প্রচলিত আইনের অধীন প্রতিকার লাভে কোন আইনগত বাধা থাকবে না।

২। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ২৮ক ধারার বিধান মতে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির মধ্যে যে সকল সম্পত্তির হোল্ডিং বৈধভাবে খোলা হয়েছিল এবং ভূমি উন্নয়ন কর আদায় করা হতো সে সকল সম্পত্তির ভূমি উন্নয়ন কর পূর্ববৎ আদায় করতে হবে।

৩। রেজিস্ট্রিকৃত বৈধ দলিলাদি থাকার পরেও যেক্ষেত্রে রেকর্ড সংশোধন হয়নি তাদের নামে হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে এবং আইনানুগভাবে রেজিস্ট্রিকৃত বিনিময় দলিলের অন্তর্ভুক্ত ভূমির ক্ষেত্রে যদি পৃথক খতিয়ান খোলা না হয়ে থাকে তবে সে সব ক্ষেত্রে দলিলের সত্যতা যাচাইপূর্বক পৃথক হোল্ডিং খুলে বকেয়াসহ হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।

৪। 'খ' তালিকা গেজেটে প্রকাশিত হওয়ার পূর্বে উপযুক্ত আদালতের রায়ের প্রেক্ষিতে যে সকল সম্পত্তি অবমুক্তির আদেশ দেওয়া হয়েছে, নাগরিক আবেদনের প্রেক্ষিতে সে সকল সম্পত্তির রেকর্ড সংশোধন করতে হবে এবং বকেয়াসহ হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে। এছাড়াও, 'খ' তফসিল বিলুপ্তির পর যেসব বিচারাধীন মামলা abate হয়ে গেছে, নাগরিক আবেদনের প্রেক্ষিতে মালিকানার ধারাবাহিকতাসহ দাখিলকৃত কাগজপত্র ও দলিলাদির সঠিকতা যাচাইপূর্বক সে সকল সম্পত্তির রেকর্ড সংশোধনক্রমে বকেয়াসহ হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।

৫। 'খ' তফসিলভুক্ত যে সকল সম্পত্তি ১/১ খতিয়ানে অথবা অর্পিত সম্পত্তি হিসেবে অন্য কোন খতিয়ানে (যেমন ব্যক্তির নামীয় খতিয়ানে হাল সাং ভারত ইত্যাকারে) রেকর্ড হয়েছে তা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য বিধায় বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি রেকর্ড সংশোধনের ক্ষেত্রে নাগরিকগণ কর্তৃক দাখিলকৃত আবেদনে মালিকানার সমর্থনে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে সমর্থ হলে বৈধ দাবিদারের নামে রেকর্ড সংশোধনের জন্য রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১৪৩ ও ১৪৪ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। লক্ষ্য করা যাচ্ছে যে, বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি রেকর্ড সংশোধনের ক্ষেত্রে নাগরিকগণ মালিকানার স্বপক্ষে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে অসমর্থ হলে উক্ত সম্পত্তি খাস করার নির্দেশনা থাকলেও সহকারী কমিশনার (ভূমি) গণ তা প্রতিপালন করছেন না। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত যে সব সম্পত্তির ভোগদখলকারী তাদের মালিকানার সমর্থনে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে ব্যর্থ হবেন, সেসব ভূ-সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মতে খাস ঘোষণা করতে হবে এবং সে অনুযায়ী রেকর্ড সংশোধন করতে হবে।

অ: পৃ: দ্র:

CamScanner

৭। সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ব বা স্বার্থ সংরক্ষণে জনস্বার্থে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন প্রাপ্তির পর কালক্ষেপণ না করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।

৮। জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি) গণ বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের নিমিত্ত প্রাপ্ত নাগরিক আবেদনের নিষ্পত্তি তথা ব্যক্তি মালিকানায় রেকর্ড সংশোধন এবং খাসকরণের মাসিক অগ্রগতি প্রতিবেদন সংরক্ষণ করবেন। জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ রাজস্ব সম্মেলনে এ পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক নিয়মিত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

৯। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবিদারগণ যাতে এসংক্রান্ত আবেদন দ্রুত দাখিল করেন এ বিষয়টি জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি) গণ ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

০৫.০৩.২০২৪
মোঃ খলিলুর রহমান
সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৬৪ | তারিখ: ০৫ মার্চ ২০২৪

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা
৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার................. (সকল)
৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ২৭৭/৫/এ শহিদ জননী জাহানারা ইমাম সরণী, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা
৬। জেলা প্রশাসক .................... (তিন পার্বত্য জেলা ব্যতীত)
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮। জোনাল সেটেলমেন্ট অফিসার,................................(তিন পার্বত্য জেলা ব্যতীত)
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),..............................(তিন পার্বত্য জেলা ব্যতীত)
১০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা
১১। সহকারী কমিশনার (ভূমি),...........................(তিন পার্বত্য জেলা ব্যতীত)
১২। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)
১৩। অফিস কপি

05.03.24
(তুষার আহমেদ)
সিনিয়র সহকারী সচিব (আইন-৪)

CS CamScanner